**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২২/২০১৭**

**ঢাকা, সোমবার ৩০ জানুয়ারি ২০১৭, ১৭ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পিইসি ও জেএসসি বন্ধের দাবি বাস্তবসম্মত নয় : প্রধানমন্ত্রী

২। রাষ্ট্রপতির সঙ্গে বিমানবাহিনী প্রধানের সাক্ষাৎ

৩। বছরের প্রথম প্রান্তিকে সরকারি ব্যয় বেড়েছে ১৯ দশমিক ৩৫ শতাংশ : অর্থমন্ত্রী

৪। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় ধনী দেশ অর্থ দিচ্ছে না : অর্থমন্ত্রী

৫। সুন্দরবনকে যে কোনো মূল্যে নিরাপদ করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। টিপাইমুখ বিদ্যুৎ প্রকল্পের আঙ্গিক পরিবর্তন হতে পারে : পানিসম্পদমন্ত্রী

৭। নারায়ণগঞ্জের আলোচিত সাত খুন মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির জন্য দ্রুত পেপারবুক তৈরির নির্দেশ প্রধান বিচারপতির

৮। সূচক অপরিবর্তিত রেখে নতুন মুদ্রানীতি ঘোষণা

৯। রাজশাহীতে ভারতের সঙ্গে সাংস্কৃতিক অবকাঠামো উন্নয়নে অনুদান চুক্তি স্বাক্ষর

১০। ভারতের ট্যুরিস্ট ভিসা আবেদনের জন্য ই-টোকেন লাগবে না

১১। প্রধানমন্ত্রীকে বহনকারী টুঙ্গীপাড়ার ভ্যানচালকের চাকরি বিমান বাহিনীতে

চলমান পাতা/২

**১।	পিইসি ও জেএসসি বন্ধের দাবি বাস্তবসম্মত নয় : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) এবং জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা অব্যাহত রাখার পক্ষে অভিমত ব্যক্ত করে বলেছেন, এ দুটি পরীক্ষা শিক্ষার্থীদের মধ্যে এসএসসি পরীক্ষার জন্য আত্মবিশ্বাস সৃষ্টি করছে। তিনি বলেন, সবার জন্য শিক্ষার সমান সুযোগ সৃষ্টি, শিক্ষার্থীদের মধ্য থেকে বোর্ডের পরীক্ষার ভীতি দূর করা এবং মেধাবী ও দরিদ্রদের মধ্যে নিয়মানুযায়ী বৃত্তি প্রদানের সুবিধার্থে পিইসি ও জেএসসি পরীক্ষা ২০০৯ সালে চালু করা হয়। হঠাৎ এ দুটি পাবলিক পরীক্ষা বন্ধ করার দাবি উঠল। কিন্তু তাদের এই দাবি মোটেও বাস্তবসম্মত নয়। মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষ তৈরিতে জনপ্রতিনিধিসহ বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, বিত্তবানরা যেন তাদের নিজ নিজ এলাকা, জেলা বা গ্রামে যে স্কুল আছে, সেখানে একটা ল্যাপটপ আর একটি প্রজেক্টর উপহার দেন। প্রধানমন্ত্রী গতকাল ২৯ জানুয়ারি রোববার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ‘জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ২০১৭’ উদ্‌যাপনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ.পৃ,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **সমকাল, জনকণ্ঠ, ভোরের কাগজ, ইনকিলাব, এশিয়ান এজ, বাংলাদেশ টুডে, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	রাষ্ট্রপতির সঙ্গে বিমানবাহিনী প্রধানের সাক্ষাৎ**

বিমানবাহিনী প্রধান মার্শাল আবু এসরার গতকাল ২৯ জানুয়ারি রোববার বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বিমানবাহিনী প্রধান এ সময় রাষ্ট্রপতিকে জাতিসংঘ শান্তি মিশনে বাংলাদেশ বিমানবাহিনীর (বিএএফ) সার্বিক তৎপরতা সম্পর্কে অবহিত করেন এবং এই বাহিনীর বিভিন্ন উন্নয়ন তৎপরতার সর্বশেষ অবস্থা সম্পর্কে জানান। রাষ্ট্রপতি বিএএফের বিভিন্ন তৎপরতা এবং দেশের নিরাপত্তা তথা জাতি গঠনে তাদের পেশাদারী কাজে সন্তোষ প্রকাশ করেন। রাষ্ট্রপতি তাকে বিমান বাহিনীর আধুনিকায়ন ও উন্নয়নে তার অব্যাহত সহযোগিতার আশ্বাস দেন। রাষ্ট্রপতি আশা করেন, বিএএফ ভবিষ্যতে দেশ-বিদেশে অত্যন্ত আন্তরিকতা ও সততার সঙ্গে দেশের ভাবমূর্তি তুলে ধরবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৩।	বছরের প্রথম প্রান্তিকে সরকারি ব্যয় বেড়েছে ১৯ দশমিক ৩৫ শতাংশ : অর্থমন্ত্রী**

চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে রাজস্ব আদায় হয়েছে ৪৩ হাজার ৫৯৭ কোটি টাকা, যা বাজেটের লক্ষ্যমাত্রার ১৭ দশমিক ৯৬ শতাংশ। অপর দিকে একই সময়ে সরকারি ব্যয় হয়েছে ৪২ হাজার ৮৯৪ কোটি টাকা, যা বাজেটের ১২ দশমিক ৫৯ শতাংশ। সার্বিকভাবে চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে গত অর্থবছরের প্রথম প্রান্তিকের তুলনায় মোট ব্যয় ১৫ দশমিক ৪৯ শতাংশ, অনুন্নয়নসহ অন্যান্য ব্যয় ১৯ দশমিক ৩৫ শতাংশ এবং এডিপি ব্যয় দশমিক ৪২ শতাংশ বেড়েছে। জাতীয় সংসদে গতকাল ২৯ জানুয়ারি রোববার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এ তথ্য জানান। জাতীয় সংসদে ‘বাজেট ২০১৬-১৭: প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতি ও আয় ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ’ সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করেন তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক. ৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **ফিন্যানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**৪।	জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় ধনী দেশ অর্থ দিচ্ছে না : অর্থমন্ত্রী**

জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় ধনী দেশগুলো অর্থায়ন করছে না বলে অভিযোগ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, যেসব দেশের কারণে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি হচ্ছে তারা সহযোগিতা করছে না। আর এ কারণে এই ক্ষতি মোকাবিলায় সরকার নিজস্ব তহবিল থেকে প্রচুর অর্থ ব্যয় করছে। তিনি বলেন চলতি ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে তিনটি রোডম্যাপ প্রণয়ন ও কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এসব উদ্যোগের মাধ্যমেই জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলায় সমন্বিতভাবে অভিযোজন ও প্রশমন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়ন করা হবে। গতকাল ২৯ জানুয়ারি রোববার রাজধানীর সোনারগাঁও হোটেলে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা-সম্পর্কিত এক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্যদানকালে এসব কথা বলেন অর্থমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ,১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১,ক.১)।

চলমান পাতা/৩

**৫। সুন্দরবনকে যে কোনো মূল্যে নিরাপদ করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, যে কোনো মূল্যে ওয়ার্ল্ড হেরিটেজ সুন্দরবনকে নিরাপদ করা হবে। সরকার কোনো ধরনের রক্তপাত চায় না। সরকার চায়, এখনও যারা অপরাধে লিপ্ত আছেন, তারা স্বাভাবিক জীবনে ফিরে আসুক। সরকারিভাবে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। গতকাল ২৯ জানুয়ারি রোববার বরিশালে র‍্যাব-৮ সদর দপ্তরে সুন্দরবনের দস্যুদল জাহাঙ্গীর বাহিনীর প্রধান জাহাঙ্গীর শিকারীসহ ২০ দস্যু আত্মসমর্পণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। দস্যুরা ৩২টি আগ্নেয়াস্ত্র ও এক হাজার ৫০৭ রাউন্ড গুলিসহ স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আত্মসমর্পণ করে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৬,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮)।

**৬। টিপাইমুখ বিদ্যুৎ প্রকল্পের আঙ্গিক পরিবর্তন হতে পারে : পানিসম্পদমন্ত্রী**

টিপাইমুখে ভারতের জলবিদ্যুৎ প্রকল্পের আঙ্গিক পরিবর্তন হতে পারে বলে সংসদে জানিয়েছেন পানিসম্পদ মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ। গতকাল ২৯ জানুয়ারি রোববার সংসদের এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হয়। সরকারদলীয় সদস্য নিজাম উদ্দিন হাজারীর প্রশ্নের জবাবে পানিসম্পদ মন্ত্রী বলেন, ভারতের পরিকল্পিত টিপাইমুখ প্রকল্পের বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রের ওপর এর প্রভাব নিরূপণে একটি যৌথ সমীক্ষা পরিচালিত হচ্ছে। সম্প্রতি ভারত জানিয়েছে, এই প্রকল্পের আঙ্গিক পরিবর্তন হতে পারে। পরিবর্তিত তথ্য-উপাত্ত পাওয়ার পর সমীক্ষা চূড়ান্ত করে ব্যবস্থা নেওয়া হবে। এ ছাড়া ভারতের পরিকল্পিত আন্তঃনদী সংযোগ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশে যাতে পরিবেশ ও অন্যান্য ক্ষেত্রে কোনো বিরূপ প্রভাব না পড়ে সে বিষয়ে বিভিন্ন পর্যায়ে আলোচনা অব্যাহত রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৭। নারায়ণগঞ্জের আলোচিত সাত খুন মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির জন্য দ্রুত পেপারবুক তৈরির নির্দেশ প্রধান বিচারপতির**

নারায়ণগঞ্জের আলোচিত সাত খুন মামলার হাইকোর্টে ডেথ রেফারেন্স ও আপিল শুনানির জন্য অগ্রাধিকার ভিত্তিতে দ্রুততম সময়ের মধ্যে পেপারবুক প্রস্তুত করার নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। গতকাল ২৯ জানুয়ারি রোববার বিষয়টি নিশ্চিত করেছেন হাইকোর্টের অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) সাব্বির ফয়েজ। তিনি বলেন, আপিল শুনানির জন্য মামলার পেপারবুক অগ্রাধিকার ভিত্তিতে প্রস্তুত করতে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ,ক. ৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

**৮। সূচক অপরিবর্তিত রেখে নতুন মুদ্রানীতি ঘোষণা**

ব্যক্তি খাতে ঋণ প্রবৃদ্ধি ১৬ দশমিক ৫ শতাংশ ও মূল্যস্ফীতি ৫ দশমিক ৮ শতাংশসহ প্রায় সব সূচক অপরিবর্তিত রেখে নতুন মুদ্রানীতি ঘোষণা করেছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ২৯ জানুয়ারি রোববার চলতি ২০১৬-১৭ অর্থবছরের দ্বিতীয়ার্ধের জন্য (জানুয়ারি-জুন) এ মুদ্রানীতি ঘোষণা করেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির। তবে নতুন এই মুদ্রানীতিতে দেশের পুঁজিবাজার নিয়ে কঠোর অবস্থান নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। মুদ্রানীতিতে স্পন্সরদের শেয়ার ও অস্বাভাবিক পিই রেশিওধারী শেয়ারের বিপরীতে মার্জিন ঋণ যোগানের ওপর বিধিনিষেধ আরোপের ঘোষণা দেওয়া হয়েছে। এছাড়া শেয়ারবাজারের জন্য মার্জিন ঋণের উর্ধ্বসীমা ধরে রাখতে ব্যাংকগুলোকে কঠোর নজরদারিতে রাখারও ঘোষণা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। গভর্নর এই মুদ্রানীতিকে বিনিয়োগবান্ধব ও সতর্কমূলক বলেছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ বিজনেস** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ, এশিয়ান এজ** ও **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। রাজশাহীতে ভারতের সঙ্গে সাংস্কৃতিক অবকাঠামো উন্নয়নে অনুদান চুক্তি স্বাক্ষর**

বাংলাদেশ এবং ভারতের সামাজিক, সাংস্কৃতিক, পরিবেশ এবং প্রত্নতত্ত্ব অবকাঠামোর উন্নতি ও সংরক্ষণে বাস্তবায়িত শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ২১ দশমিক ৯৫ কোটি টাকার একটি অনুদান চুক্তি রাজশাহী সিটি করপোরেশন, রাজশাহীতে স্বাক্ষরিত হয়েছে। রাজশাহী মহানগরীর সামাজিক, সাংস্কৃতিক, পরিবেশ ও প্রত্নতত্ত্ব অবকাঠামোর উন্নতির লক্ষ্যে ভারত সরকার এ অনুদান প্রদান করছে। এ উপলক্ষে গতকাল ২৯ জানুয়ারি রোববার রাসিক নগরভবন সরিৎ দত্ত গুপ্ত নগর সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়। ভারত সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার শ্রী হর্ষবর্ধন শ্রিংলা এবং বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব শাহ মো. আমিনুল হক ও রাসিকের পক্ষে দায়িত্বপ্রাপ্ত মেয়র মো. নিযাম উল আযীম চুক্তি স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ,ক.৪), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২)।

চলমান পাতা/৪

**১০। ভারতের ট্যুরিস্ট ভিসা আবেদনের জন্য ই-টোকেন লাগবে না**

ভারতে যাওয়ার নিশ্চিত টিকিটসহ (বিমান/সড়ক/রেল) বাংলাদেশি ভ্রমণকারীদের সরাসরি ভিসা প্রাপ্তির স্কিমটি সম্প্রসারিত করা হয়েছে। আবেদনকারীরা কোনো ধরনের ই-টোকেন বা অনলাইন অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই সরাসরি ট্যুরিস্ট ভিসার জন্য আবেদন করতে পারবেন। ঢাকার মিরপুরের ভিসা অ্যাপ্লিকেশন সেন্টারের (আইভিএসি) পাশাপাশি আগামী **১** ফেব্রুয়ারি থেকে রাজশাহী, রংপুর, সিলেট, চট্টগ্রাম, খুলনা, যশোর, ময়মনসিংহ ও বরিশালের ৮টি আইভিএসিতে ট্যুরিস্ট ভিসার আবেদনপত্র জমা দেওয়া যাবে। গতকাল ২৯ জানুয়ারি রোববার ঢাকায় ভারতীয় হাইকমিশনের এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ.পৃ,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**১১। প্রধানমন্ত্রীকে বহনকারী টুঙ্গীপাড়ার ভ্যানচালকের চাকরি বিমান বাহিনীতে**

প্রধানমন্ত্রীকে বহনকারী টুঙ্গীপাড়ার ভ্যানচালক ইমাম শেখের মনের বাসনা পূরণ হয়েছে। তার মতে তিনি এখন পৃথিবীর সবচাইতে সুখি ও ভাগ্যবান ব্যক্তি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার মনের আশা পূরণ করায় ইমাম প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য, সাফল্য ও দীর্ঘায়ু কামনা করেছেন। তিনি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার প্রতি সারাজীবন কৃতজ্ঞ থাকার কথাও বলেছেন। বাংলাদেশ বিমান বাহিনীতে তার চাকরি হয়েছে। প্রধানমন্ত্রীকে বহনকারী ইমামের ভ্যানটি চলে যাচ্ছে যাদুঘরে। ভ্যানচালক ইমামের পিতা মানসিক রোগী আব্দুল লতিফ শেখের চিকিৎসা ও ঘরবাড়ি মেরামতের জন্য বিমান বাহিনীর পক্ষ থেকে ৪০ হাজার টাকা সহায়তা দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** দ্রুতগতির মহাসড়কে অযান্ত্রিক ও শ্লথগতির যানবাহন সড়ক দুর্ঘটনার জন্য অনেকাংশে দায়ী হওয়ায় এসব যানবাহন চলাচল সম্পূর্ণরূপে বন্ধ করার পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** দশম জাতীয় সংসদের সংসদীয় কমিটির করা গুরুত্বপূর্ণ সুপারিশ মন্ত্রণালয়গুলো সক্রিয়ভাবে বিবেচনা করবে বলে প্রত্যাশা।

গ. **প্রথম আলো, সংবাদ, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি সান, নিউ এজ :** বর্তমান সময়ের কিশোরদের নৃশংস অপরাধে জড়িয়ে পড়ার কারণগুলো শনাক্ত করে পারিবারিক ও সামাজিক পরিসরে গঠনমূলক ও সৃজনশীল উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর, ইনকিলাব, ডেইলি স্টার :** নির্বাচন কমিশন পুনর্গঠনের লক্ষ্যে গঠিত সার্চ কমিটির কর্মতৎপরতা থেকে ভালো কিছু পাওয়ার প্রত্যাশা।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** নারীদের যথোপযুক্ত শিক্ষা প্রদান, চাকুরির দ্বারা ক্ষমতায়ন ও নির্যাতনের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির দ্বারা নির্যাতন প্রতিরোধে সক্ষম করে তুলতে যথাযথ কর্তৃপক্ষ ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সক্রিয় হওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** ন্যাশনাল ইনস্টিটিউট অব ক্যানসার রিসার্চ এন্ড হসপিটালের আশে পাশে গড়ে উঠা ভুয়া ক্যানসার ক্লিনিক ও হাসপাতালের অনৈতিক কর্মকান্ডের বিষয় তুলে ধরে আইন শৃঙ্খলা বাহিনীকে এসব ভুয়া প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিয়ে দরিদ্র ও অসহায় রোগীদের আর্থিক লোকসানের হাত থেকে সুরক্ষার আহ্বান।

ছ. **নিউ এজ :** চিড়িয়াখানায় পর্যাপ্ত জায়গা ও পশুপাখি থাকা সত্ত্বেও এটাকে বিশ্বমানের পর্যায়ে নিতে না পারায় সরকারকে মিরপুর চিড়িয়াখানাসহ দেশের অন্যান্য চিড়িয়াখানাগুলোকে মানোন্নয়নের দ্বারা আনন্দ বিনোদনের স্থানে পরিণত করার সুপারিশ।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে একটি গ্রহণযোগ্য নির্বাচন কেবলমাত্র কোনো দল বা গোষ্ঠীর নয় বরং এর সাথে জাতীয় বৃহত্তর স্বার্থ জড়িত বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষার অগ্রযাত্রায় বাংলাদেশ'** শিরোনামের নিবন্ধে কাঞ্চন দত্ত সরকারিভাবে প্রাথমিক বিদ্যালয়ে পুষ্টিকর খাবার সরবরাহ করায় এ উদ্যোগে শিক্ষার্থী ঝরে পড়ার হার উল্লেখযোগ্য হারে কমেছে একই সাথে সুস্থ জাতি গঠনে ভূমিকা রাখছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা